৪২০৪৭

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/**২৩৩১৮১১১৮০৯২**/ময়মনসিংহ -২৪১/৩৪৫২/৭ তারিখ:০৭ .১১.২০১৯খ্রি.

**বিষয়: দাখিলকৃত ম্যানেজিং কমিটির অনুমোদন না দেয়াসহ সুপারের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন খালেকিয়া দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মো: নাসির উদ্দিন অভিভাবক সদস্য অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগে তিনি উল্লেখ করেন-মাদ্রাসার সুপার কোন প্রকার প্রচার-প্রচারণা ছাড়াই গোপনে প্রিজাইডিং অফিসারের সাথে যোগাযোগ করে বোর্ড থেকে কমিটি অনুমোদনের পায়তারা করেন। দাখিলকৃত অভিযোগের গুরুত্ব বিবেচনায় জরুরী ভিত্তিতে সরেজমিনে তদন্তের জন্য অত্র বোর্ডের উপ-পরিদর্শক জনাব মো: হোসেন-কে দায়িত্ব প্রদান করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী-জমাকৃত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং সুপার বিধিবহির্ভূতভাবে উক্ত কমিটি গঠন করায় গঠিত কমিটি বাতিলসহ তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যায় মর্মে সুপারিশ করেছেন।

এমতাবস্থায় তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী জমাকৃত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত কমিটির অনুমোদন দেয়া হলো না এবং বিধি বহির্ভূতভাবে কমিটি গঠন করায় কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী ববারর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক...... (   ) পাতা।

(স্বাক্ষর) ০৭.১১.১৯

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

০৭/১১/১৯

প্রাপকঃ

১। সভাপতি (ম্যানেজিং কমিটি)
খালেকিয়া দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা
ডাকঘর: চরজিথর, উপজেলা: ঈশ্বরগঞ্জ, জেলা: ময়মনসিংহ;

২। সুপার
খালেকিয়া দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা
ডাকঘর: চরজিথর, উপজেলা: ঈশ্বরগঞ্জ, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর -১৫১/ / তারিখ: .১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৫. জনাব মোঃ নাসির উদ্দিন (অভিযোগকারী),খালেকিয়া দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা, গ্রাম: মির্জাপুর, পো: তারুন্দিয়া, উপজেলা: ঈশ্বরগঞ্জ, জেলা: ময়মনসিংহ;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

**(মোঃ ওমর ফারুক)**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

বরাবর

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।

বিষয়ঃ ***তফসিল গোপন করে ম্যানেজিং কমিটির নির্বাচন প্রসঙ্গে।***

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন খালেকিয়া দারুছুন্নাহ দাখিল মাদরাসাটি অবস্থিত। উক্ত মাদরাসাটি বিগত ২৩/০৪/২০১৮ইং তারিখ এডহক কমিটি অনুমোদন লাভ করে। এডহক কমিটির মেয়াদ কালীন সময়ের মধ্যে নিয়মিত কমিটি গঠন করা বিধান থাকলে ও অত্র মাদরাসার সুপার মহোদয় কোন রকম ভোটার তালিকা না করেই প্রিজাইডিং অফিসারকে ম্যানেজ করে গোপনে তফষিল ঘোষনা করেন। আমরা অত্র মাদরাসার অভিভাবকগণ বিশ্বস্ত সূত্রে জানিতে পারিলাম যে উক্ত মাদরাসার নির্বাচন কার্যক্রম চলিতেছে। গত ০৬/০৯/১৮ ইং তারিখ আমারা মনোনয়ন ক্রয় করিতে বেলা ১১.০০ ঘটিকায় মাদরাসায় যাই। মাদরাসায় গিয়ে সুপার সাহেবকে পাওয়া যায় নাই। অফিস সহকারী ও শিক্ষকগণকে জিজ্ঞাস করলে তারা বলেন যে কিসের নির্বাচন, নির্বাচনের জন্য কোনরুপ ভোটার তালিকাই তো করা হয়নি।নির্বাচন সম্পর্কে আমরা কিছুই জানি না। অতপর সুপারের সাথে ফোনে যোগায়োগ করলে তিনি বলেন যে কিসের নির্বাচন মাদরাসায় কোন নির্বাচন নাই। সেখানে কয়েকজন সাংবাদিক ও উপস্থিত ছিলেন। অভিভাবকগণ নিরুপায় হয়ে প্রিজাইডিং অফিসারের সাথে যোগাযোগ করলে তিনি কাজের ঝামেলা দেখিয়ে মাদরাসায় উপস্থিত হন নি। সুপার সাহেব ঐ দিন ফোনে মাদরাসার শিক্ষকদেরকে বেলা ১.০০ ঘটিকায় মাদরাসা ছুটি দিয়ে সকলকে চলে যেতে বলেন। তাহার নিদের্শে সকল শিক্ষক ও কর্মচারীবৃন্দ মাদরাসা ছুটি দিয়ে তালাবদ্ধ করে চলে যান। উক্ত ঘটনাটি বেশ কয়েকটি দৈনিক সংবাদপত্রে ও প্রকাশিত হয়(যার কপি সংযুক্ত করা হলো) । পরে মনোনয়ন পত্র ক্রয় করতে না পেরে এলাকায় জনমনে ক্ষুভের সৃষ্টি হয়। ঐ দিন বিকাল ৪.০০ ঘটিকায় মাদরাসার অভিভাবকগণ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে লিখিত অভিযোগ দায়ের করেন। (কপি সংযুক্ত) । উক্ত ঘটনাটি ঈশ্বরগঞ্জ সিনিয়র সহকারী জজ আদালতে একটি মামলা দায়ের করা হয় যার নং- ২৫৪/২০১৮ । এরপর ও শোনা যাচ্ছে সুপার সাহেব তার মন ঘরা পছন্দমত লোক দিয়ে কমিটি করে মাদরাসা বোর্ডে অনুমোদনের জন্য দাখিল করেছেন।

অতএব মহোদয়ের নিকট প্রার্থনা যে, উক্ত বিষয়টি সরজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিভাবক ও এলাকাবাসীর পক্ষ থেকে আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

তারিখঃ ০১/১০/১৮ ইং

নিবেদক

অভিভাবকগণের পক্ষে

মোঃ নাসির উদ্দিন

(মোঃ নাসির উদ্দিন)

গ্রাম- মির্জাপুর

পোঃ তারুন্দিয়া

ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাসির

নাম: মোঃ নাসির উদ্দিন
Name: MD. NASIR UDDIN
পিতা: মোঃ আব্দুল রাজ্জাক
মাতা: মোসাঃ নোরজাহান বেগম
Date of Birth: 02 Nov 1980
ID NO: 6113190639793

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: গ্রাম/রাস্তা: মির্জাপুর, মির্জাপুর, ডাকঘর: তারুন্দিয়া - ২২৮০, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর প্রদানের তারিখ: ৩১/০৮/২০০৮